



চট্টগ্রাম কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন

CHATTOGRAM CUSTOMS AGENTS ASSOCIATION


সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আহাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম-৪১০০

প্রচার পত্র নং- ৪৫/২০২৪

তারিখঃ ২১/০৮/২০২৪ খ্রি.

সম্মানিত সদস্যবৃন্দের প্রতি,

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, জাতীয় রাজস্ব বোর্ড এর নথি নং- ০৮.০১.০০০০.৫৩.০২.০৫০.২৩/৩৫২, তারিখঃ ১৯/০৮/২০২৪ খ্রি.
সম্মানিত সদস্যবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হলো।


মোঃ মিজানুর রহমান
সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন

পুট-এফ ১/এ, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।

নথি নং- ০৮.০১.০০০০.৫৩.০২.০৫০.২৩/৩৫২

তারিখঃ ১৯ আগস্ট ২০২৪ খ্রি.

বিষয়ঃ এস.আর.ও নং-১৬২-আইন/২০২৪/১৪/কাস্টমস, তারিখ-২৯/০৫/২০২৪ খ্রিঃ এর বিষয়ে দিক-নির্দেশনা প্রদান।

- সূত্রঃ ১। জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নং- ০৮.০১.০০০০.৫৩০৪.০১৮.২৩/৩৩৪, তারিখঃ ০১/০৮/২০২৪ খ্রিঃ;
২। বিজিএমইএ-এর পত্র নং- বিজিএ/কাস/২০২৪/৭৫৭০, তারিখঃ ০৩/০৬/২০২৪ খ্রিঃ;
৩। এস.আর.ও নং-১৬২-আইন/২০২৪/১৪/কাস্টমস, তারিখঃ ২৯/০৫/২০২৪ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, মূলধনী যন্ত্রপাতি ও যন্ত্রাংশ আমদানি সংক্রান্ত সূত্রোক্ত ০৩নং এসআরও এর ০৯ নং শর্ত পালনের ক্ষেত্রে আমদানি পর্যায়ে জটিলতা দেখা দিচ্ছে এবং এর ফলে পণ্য খালাসে অনাবশ্যক বিলম্ব হচ্ছে মর্মে Bangladesh Garment Manufacturers & Exporters Association (BGMEA) কর্তৃক সূত্রোক্ত ০২নং পত্রের মাধ্যমে জাতীয় রাজস্ব বোর্ড-কে অবহিত করা হয়েছে। উল্লিখিত জটিলতা বিষয়ে সূত্রোক্ত ০১নং পত্রের মাধ্যমে সকল কাস্টমস হাউস এবং কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেটের মতামত চাওয়া হলে মাঠ পর্যায়ের দপ্তর হতে বর্ণিত এস.আর.ও এর ৯নং শর্ত পুরোপুরি প্রতিপালনের ক্ষেত্রে বিদ্যমান প্রেক্ষাপট সর্বস্তর বর্ণনাপূর্বক জবাব প্রেরণ করা হয়েছে। উক্ত জবাবের আলোকে বিদ্যমান বাস্তবতায় সূত্রোক্ত ০৩নং এসআরও এর অধীনে রেয়াতি সুবিধায় পণ্য ছাড়করণে প্রযোজ্য শর্তাবলী বিষয়ে নিম্নোক্ত ব্যাখ্যা অনুসরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:-

- ১.১ সূত্রোক্ত ০৩নং প্রজ্ঞাপনের শর্ত ০১ এর ব্যাখ্যা (খ) এবং (গ) তে উল্লিখিত যথাক্রমে VAT Compliant শিল্প প্রতিষ্ঠান এবং VAT Compliant আমদানিকারকের ক্ষেত্রে যে সকল আনুষ্ঠানিকতা প্রতিপালন করার বিষয়ে বলা হয়েছে তা এ পত্রে উল্লিখিত সূত্রোক্ত ০৩ নং প্রজ্ঞাপনের শর্ত নং ০৯ এর ব্যাখ্যার আলোকে বিবেচনা করতে হবে।
- ১.২ সূত্রোক্ত ০৩ নং প্রজ্ঞাপনের শর্ত নং ০৯ এর প্রথমংশ অনুসারে আমদানিকারক প্রতিষ্ঠানটির হালনাগাদ ১৩ ডিজিট সম্বলিত মূল্য সংযোজন করা (মূসক) নিবন্ধন আছে কিনা এবং বিবেচ্য বিল অব এন্ট্রি দাখিলের অব্যবহিত পূর্ববর্তী করমেয়াদের মূল্য সংযোজন কর দাখিলপত্র (রিটার্ন) দাখিল করা হয়েছে কিনা তা কেবল কাস্টমস কম্পিউটার সিস্টেমে বা ভ্যাট অনলাইন সিস্টেমে বা জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইটে বা ভ্যাট কমিশনারেটের ওয়েবসাইটে হতে প্রাপ্ত তথ্য অনুসারে যাচাই করতে হবে।
- ১.৩ সূত্রোক্ত ০৩ নং প্রজ্ঞাপনের শর্ত ০৯ এর দ্বিতীয়ংশ অনুসারে VAT Compliant উৎপাদনকারী শিল্প প্রতিষ্ঠান এবং VAT Compliant আমদানিকারক মূল্য সংযোজন কর ও সম্পূর্ণ শুল্ক আইন, ২০১২ এর প্রযোজ্য ধারা অনুসারে মূল্য সংযোজন কর (মূসক) সংক্রান্ত হিসাবরক্ষণসহ কর চালানপত্র ও দাখিলপত্রের যাবতীয় আনুষ্ঠানিকতা প্রতিপালন করেন কিনা তা যাচাইয়ের বাধ্যবাধকতা রয়েছে। এক্ষেত্রে কাস্টমস হাউস কেবল এ পত্রের ১.২ এ উল্লিখিত সিস্টেম বা ওয়েবসাইটে হতে যতটুকু তথ্য পাওয়া যায় তার উপর ভিত্তি করে যাচাই করবেন। এ বিষয়ে মূল্য সংযোজন কর (মূসক) কার্যালয় হতে পণ্য খালাসের পূর্বে কোন প্রকার 'প্রত্যয়নপত্র' বা চিঠি সংগ্রহ করার আবশ্যিকতা নেই। তবে বর্ণিত শিল্প প্রতিষ্ঠান বা আমদানিকারক মূল্য সংযোজন কর (মূসক) সংক্রান্ত হিসাবরক্ষণসহ কর চালানপত্র ও দাখিলপত্রের যাবতীয় আনুষ্ঠানিকতা প্রতিপালন করেন কিনা তা যাচাই করা এবং লংঘনের ক্ষেত্রে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা সংশ্লিষ্ট মূল্য সংযোজন কর (মূসক) কমিশনারেটের নৈমিত্তিক দায়িত্ব যা এক্ষেত্রে অব্যাহত থাকবে।
- ১.৪ সূত্রোক্ত ০৩ নং প্রজ্ঞাপনের শর্ত ০৯ অনুসারে কোন ধরনের দৈব-দুর্ভাগ্য বা কোনো যৌক্তিক কারণে ইলেকট্রনিক তথ্য পাওয়া সম্ভব না হলে সংশ্লিষ্ট কমিশনার অব কাস্টমস প্রতি ক্ষেত্রে কারণ লিপিবদ্ধ করে শুল্কায়নের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে পারবেন বলে উল্লিখিত আছে যা এ পত্রের অনূচ্ছেদ ১.১, ১.২ এবং ১.৩ এর ক্ষেত্রে সমভাবে প্রযোজ্য হবে।
- ০২। বিষয়টি নির্দেশক্রমে আপনাকে অবহিত করা হল।

স্বাঃ/-

মুকিতুল হাসান

দ্বিতীয় সচিব (কাস্টমস: নীতি)

ই-মেইল: sscuspolicy@gmail.com

তারিখঃ ১৯.০৮.২০২৪ খ্রি.